



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭১১১৮২১৬৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: <https://bu.ac.bd>, e-mail: registrar@bu.ac.bd



স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৩-২০২৪/৬২১/৪১৩০

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

কোটায় ভর্তির জন্য সাক্ষাৎকারের নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে কোটায় [মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনি, উপজাতি, প্রতিবন্ধী, হরিজন ও দলিত সম্প্রদায়, খেলোয়াড়, বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যদের (সন্তান/স্বামী/স্ত্রী)] ভর্তিচ্ছুদেরকে নিম্নলিখিত মূল কাগজপত্রসহ ৩০/০৬/২০২৪ তারিখ সকাল ০৯:৩০ টায় সাক্ষাৎকারের জন্য স্ব-স্ব ইউনিট অফিসে উপস্থিত থাকতে বলা হলো।

প্রয়োজনীয় মূল কাগজপত্র

১. সকলের জন্য-

ক) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র

(খ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ড। উল্লেখ্য, যেসকল শিক্ষার্থী GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিকভাবে ভর্তিকৃত রয়েছে তারা এসএসসি ও এইচএসসির মূল ট্রান্সক্রিপ্ট উল্লিখিত সময়সীমার মধ্যে নিয়ে আসতে ব্যর্থ হলে GST গুচ্ছভুক্ত যে বিশ্ববিদ্যালয়ে প্রাথমিকভাবে ভর্তি রয়েছে সে বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের রশিদ প্রদর্শন করতে হবে।

২. মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি/নাতনি কোটায় আবেদনকারীদের জন্য-

ক) মুক্তিযোদ্ধার সনদ যা প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত

খ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যুসনদ

গ) মুক্তিযোদ্ধার নাতি/নাতনি প্রমাণের পক্ষে মুক্তিযোদ্ধার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/জেলা মুক্তিযুদ্ধ কমান্ড কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদ

ঘ) আবেদনকারীর জন্মনিবন্ধন সনদ

ঙ) আবেদনকারীর পিতা ও মাতার এসএসসি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)/জাতীয় পরিচয়পত্র

চ) মুক্তিযোদ্ধার নাম উল্লেখসহ মুক্তিবর্তার ও গেজেটের সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি

ছ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সংরক্ষিত ডাটাবেজ থেকে ডাউনলোডকৃত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার তথ্যের প্রতিলিপি

৩. উপজাতি কোটায় আবেদনকারীদের জন্য-

ক) উপজাতি প্রধান/জেলা প্রশাসকের সনদপত্র

খ) আবেদনকারীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র

৪. প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের জন্য-

ক) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত যথাযথ সনদ

৫. হরিজন ও দলিত সম্প্রদায় কোটায় আবেদনকারীদের জন্য-

ক) হরিজন ও দলিত সম্প্রদায়ের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের সনদপত্র

৬. খেলোয়াড় কোটায় আবেদনকারীদের জন্য-

ক) বিকেএসপি থেকে এইচএসসি পাসের সনদ থাকতে হবে।



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭১১১৮২১৬৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: <https://bu.ac.bd>, e-mail: registrar@bu.ac.bd



৭. পোষ্য কোটায় আবেদনকারীদের জন্য-

ক) অত্র বিশ্ববিদ্যালয় চাকুরিরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যদের ক্ষেত্রে (সন্তান/স্বামী-স্ত্রী) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

মো. মানিকুল ইসলাম

সদস্য-সচিব

ভর্তি কমিটি ২০২৩-২৪

ও

রেজিস্ট্রার

বরিশাল বিশ্ববিদ্যালয়

স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৩-২০২৪/৬২১/৪১৩০

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৩। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৪। আহ্বায়ক, টেকনিক্যাল কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৩-২৪, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৫। সমন্বয়কবৃন্দ 'ক', 'খ' ও 'গ' ইউনিট ভর্তি কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৩-২৪, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। নথি/মহানথি।

মোঃ মিলন

ডেপুটি রেজিস্ট্রার

বরিশাল বিশ্ববিদ্যালয়